

শ্যামনগর উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির আগষ্ট/২০২১  
মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মোঃ সাঈদ-উজ-জামান ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় : ১৪/০৮/২০২১ খ্রিঃ, সকাল ১০.০০ টা।

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্যঃ

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার কার্যপত্র পাঠ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং সদস্য সচিব, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি কার্যপত্র পাঠ করে শুনান।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে,

(১) ২০২১-২২ অর্থ বৎসরে সাধারণ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় এ উপজেলায় এখনও পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি। তবে অতিদ্রুত বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তির পর ইউনিয়ন ওয়ারী বিভাজন সম্পন্ন পূর্বক প্রকল্প বাস্তবায়ন করা হবে মর্মে তিনি সভাকে জানান।

(২) সভায় সভাপতি বলেন যে, কাবিখা, টিআর, অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কাজের প্রকল্প দৃশ্যমান হওয়া দরকার। এ জন্য সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানদেরকে কাজের তদারকি এবং কাজের গুণগত মান ঠিক রাখার জন্য সভায় মতামত প্রদান করেন।

(৩) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ প্রাপ্তির পর ব্যবহার নির্দেশিকা অনুযায়ী খাত ওয়ারী বিভাজন পূর্বক শেষে প্রকল্প বাস্তবায়ন করা হবে।

এছাড়া সভায় উপস্থিত সদস্যরা নিজেদের মতামত প্রদান করেন। উপস্থিত সকলেই উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভা আহ্বান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সাঈদ-উজ-জামান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি  
শ্যামনগর, সাতক্ষীরা।

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে**

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। উপজেলা চেয়ারম্যান, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৪। জনাব.....  
.....
- ৫। অফিস কপি।

উপস্থিত ব্যক্তিদের (স্বাক্ষর) ৩

এই আবেদনের উন্নয়ন কার্যক্রম মধ্য উন্নয়ন

	০৪/০১/২০	১৪/০৬/২০	১১/০৭/২০	১৪/০৮/২০
০১	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম
০২	উপস্থিত প্রতিনিধি	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম
০৬	উপস্থিত প্রতিনিধি	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম
০৬	উপস্থিত প্রতিনিধি	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম
০৪	ডে. সুপার	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম
০৫	ডে. সিনিয়র	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম
০৭	ডে. প্রতিনিধি	আবুল কালাম	আবুল কালাম	আবুল কালাম

৭